



অর্থনীতিতে স্থিতিশীলতা আনতে কাজ চলছে: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

দেশের অর্থনীতিতে স্বস্তি ও স্থিতিশীলতা ফিরিয়ে আনতে সরকার কাজ করছে বলে জানিয়েছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এ সময় তিনি সবাইকে ধৈর্য ধরার আহ্বান জানান।

বুধবার (১০ জুন) রাতে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের রাজনৈতিক কার্যালয়ে নৃ-গোষ্ঠীর প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, বর্তমানে দেশের অর্থনৈতিক পরিস্থিতি খুব একটা ভালো নয়। মূল্যস্ফীতির কারণে নিত্যপণ্যের দাম বেড়েছে এবং পর্যাপ্ত বিনিয়োগ না আসায় কর্মসংস্থান সম্প্রসারণেও চ্যালেঞ্জ তৈরি হয়েছে।

তিনি আরও বলেন, বিভিন্ন নৃ-গোষ্ঠীর উন্নয়নে সরকার দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিয়ে কাজ করছে। পাশাপাশি সব সম্প্রদায়ের মানুষের জীবনমান উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ বাড়াতেও প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হচ্ছে।

LENS ASIA